

যুক্ত

JUN 19 2002
তারিখ
সংখ্যা

চবি ছাত্রদলের দু'গ্রুপে সংঘর্ষ : আহত ৫

চট্টগ্রাম ব্যুরো

ক'দিন বিরতির পর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রদলের বিবদমান দুই গ্রুপ গতকাল মঙ্গলবার আবারও সংঘর্ষে লিপ্ত হয়েছে। বেলা পৌনে ২টায় ক্যাম্পাস থেকে শহরগামী শাটল ট্রেন ফতেয়াবাদ স্টেশনে পৌঁছলে ছাত্রদলের সুজা ও ফেরদৌস গ্রুপের মধ্যে সংঘর্ষ বাধে। এতে কমপক্ষে পাঁচজন আহত হয়। এর মধ্যে জিয়াউর রহমান নামে এক ছাত্রদল কর্মীকে গুরুতর আহত অবস্থায় নগরীর একটি প্রাইভেট ক্লিনিকে ভর্তি করা হয়েছে। সে সমাজতন্ত্র তৃতীয় বর্ষের ছাত্র।

সুজা গ্রুপ অভিযোগ করেছে, ক্যাম্পাস থেকে শহরগামী শাটল ট্রেনে ফেরদৌস গ্রুপ পূর্বপরিকল্পিতভাবে ফতেয়াবাদে হামলা চালায়। এ হামলায় নন্দীরহাটের কিছু লুসি পরা ক্যাডারও অংশগ্রহণ করে। তারা শাটল ট্রেন থেকে সুজা গ্রুপের নেতাকর্মীদের বুজে বের করে ট্রেন থেকে টেনেহিঁচড়ে নিচে নামায়। এরপর কিরিচ, লাঠি ও চাকু দিয়ে তাদের ওপর আক্রমণ চালায়। এ সময় ৩ রাউন্ড গুলির শব্দও শোনা যায় বলে সাধারণ ছাত্রছাত্রীর জানায়।

চবি ছাত্রদলের সভাপতি মোঃ সুজাউদ্দিন শাটল ট্রেনে হামলাকারী ছাত্র নামধারী সন্ত্রাসীদের বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কারের দাবি জানিয়েছেন। তবে এ ব্যাপারে চবি ছাত্রদলের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ফেরদৌস মোরশেদ খান যুগান্তরকে বলেন, তার গ্রুপ এ হামলার সঙ্গে জড়িত নয়। ছাত্রদল নামধারী অহাতি সন্ত্রাসীরা বারবার বিশ্ববিদ্যালয়ে সাধারণ ছাত্রদের ওপর হামলা চালাচ্ছে বলে তিনি জানান। এ ঘটনায় হাটহাজারী থানায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে।